

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৭ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/২১ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.১০৫—গত ১২ মার্চ ২০১৮ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে নেপালের কাঠমান্ডুর উদ্দেশে ছেড়ে যাওয়া বাংলাদেশের বেসরকারি বিমান সংস্থা ইউএস বাংলার বিএস-২১১ ফ্লাইটটি দুজন পাইলট ও দুজন কেবিন ক্রুসহ মোট ৭১ জন আরোহীকে নিয়ে ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় এক মর্মান্তিক দুর্ঘটনায় পতিত হয়। এ দুর্ঘটনায় ২৬ জন বাংলাদেশিসহ মোট ৫১ জন নিহত এবং ২০ জন আহত হন।

২। এ মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করে, শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জানিয়ে এবং আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারেন সে প্রার্থনা করে মন্ত্রিসভার ০৫ চৈত্র ১৪২৪/১৯ মার্চ ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(৩২১৯)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৫ চৈত্র ১৪২৪
ঢাকা: ১৯ মার্চ ২০১৮

গত ১২ মার্চ ২০১৮ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে নেপালের কাঠমান্ডুর উদ্দেশে ছেড়ে যাওয়া বাংলাদেশের বেসরকারি বিমান সংস্থা ইউএস বাংলার বিএস-২১১ ফ্লাইটটি দুজন পাইলট ও দুজন কেবিন ক্রুসহ মোট ৭১ জন আরোহীকে নিয়ে ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণের সময় এক মর্মান্তিক দুর্ঘটনায় পতিত হয়। এ দুর্ঘটনায় ২৬ জন বাংলাদেশিসহ মোট ৫১ জন নিহত এবং ২০ জন আহত হন। বেদনাদায়ক এ ঘটনার পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সিঙ্গাপুর সফর সংক্ষিপ্ত করে দেশে ফিরে আসেন। এ ভয়াবহ দুর্ঘটনায় নিহত দেশি-বিদেশি আরোহীদের স্মরণে ১৫ মার্চ ২০১৮ তারিখ রাষ্ট্রীয় পর্যায়ে এক দিনের শোক পালন করা হয়। দেশবাসীর সাথে মন্ত্রিসভা এ মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করছে, শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জানাচ্ছে এবং আহত ব্যক্তিগণ যাতে দ্রুত আরোগ্য লাভ করে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারেন সে প্রার্থনা করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd